

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

নং-২২.০২.০০০০.০১২.৫৪.০২৬.১৫-২৫১

১১/০৬/১৪২৪
তারিখ :-----
২৬/০৯/২০১৭

গণবিজ্ঞপ্তি

পলিথিন শপিং ব্যাগ বর্জন করুন! পরিবেশ সুরক্ষায় অংশগ্রহণ করুন!!

পলিথিন শপিং ব্যাগ অপচনশীল হওয়ায় যেখানে সেখানে ফেলার ফলে দীর্ঘদিন মাটিতে অক্ষত অবস্থায় থেকে মাটির উর্বরতা নষ্ট করে এবং শহরের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা বাধাগ্রস্ত করে জলাবদ্ধতা সৃষ্টি করে যার ফলে পানি দূষণসহ বিভিন্ন রোগের প্রকোপ বৃদ্ধি পায়। পলিথিনে খাদ্যদ্রব্য রাখলে দ্রুত রাসায়নিক বিক্রিয়ার সৃষ্টি করে ক্যান্সারসহ মারাত্মক রোগ সংক্রমণের ঝুঁকি দেখা দেয়। এছাড়া, পলিথিন পোড়ানোর ফলে বিষাক্ত হাইড্রোজেন সায়ানাইড গ্যাস নির্গত হয়, যা পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি।

২। পরিবেশের জন্য পলিথিন ব্যাগের এ সমস্ত ক্ষতিকর বিষয় বিবেচনা করে সরকার গত ৮ এপ্রিল ২০০২ তারিখ হতে সারাদেশে সকল প্রকার পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করেছে।

৩। এ সত্ত্বেও, লক্ষ্য করা যায় বাজারে কোনো কোনো স্থানে পলিথিন শপিং ব্যাগ বিভিন্ন রূপে ব্যবহৃত হচ্ছে। এটা স্পষ্টত: বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ৬ক ধারা লংঘন এবং নিম্নরূপ দণ্ডনীয় অপরাধঃ

৩.১ পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি ও বাজারজাত করলে আইন লংঘনকারী অন্যান্য ২(দুই) বছর, অনধিক ১০ (দশ) বৎসর সশ্রম কারাদণ্ড বা অন্যান্য ২(দুই) লক্ষ টাকা, অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবে;

৩.২ পলিথিন শপিং ব্যাগ বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করলে আইন লংঘনকারী অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হবে।

৪। নিষিদ্ধ ঘোষিত সকল প্রকার পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, আমদানি, বাজারজাত, মজুদ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন ও ব্যবহার থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে।

(কাজী সারওয়ার হোসেন) মহাপরিচালক
অতিরিক্ত মহাপরিচালক
ও
মহাপরিচালকের সাময়িক দায়িত্বে